



বাংলাদেশ শিপিং কর্পোরেশন

বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।

Website: www.bsc.gov.bd

সূত্র নং-১৮.১৬.০০০০.৩৫২.১১.০১১.১৮-

তারিখ ১৯-১০-২০২০

পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি


বাংলাদেশ শিপিং কর্পোরেশনে নিম্নোক্ত শূন্য পদে সরাসরি নিয়োগের লক্ষ্যে প্রকৃত যোগ্যতা সম্পন্ন বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে পুনঃদরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ-

ক্রঃ নং	পদের নাম	পদ সংখ্যা	২৫-০৩- ২০২০ তারিখে বয়স	বেতনস্কেল (বিএসসির বেতনস্কেল- ২০১৫ অনুযায়ী)	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১।	মহাব্যবস্থাপক (জাহাজ মেরামত)	০১টি	৪৫	৬৪০০০-৬৬৫৬০- ৬৯২৩০-৭২০০০- ৭৪৮৮০/-	প্রথম শ্রেণীর কম্পিউটার সার্টিফিকেট (ডেক/মোটর) এবং উক্ত সার্টিফিকেট প্রাপ্তির পর সমুদ্রগামী জাহাজে ০৫ বৎসরের অভিজ্ঞতা। অথবা বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী (মেকানিক্যাল/ ইলেকট্রিক্যাল/নেভাল আর্কিটেকচার)সহ ১২ বছরের অভিজ্ঞতা।
০২।	মহাব্যবস্থাপক (ডিপিএ এন্ড সিএসও)	০১টি	৪৫	৬৪০০০-৬৬৫৬০- ৬৯২৩০-৭২০০০- ৭৪৮৮০/-	প্রথম শ্রেণীর ইঞ্জিনিয়ার অফিসার অথবা প্রথম শ্রেণীর ডেক অফিসার (মাষ্টার মেরিনার) এবং সমুদ্রগামী জাহাজে মাষ্টার/ প্রধান প্রকৌশলী হিসেবে ০৫ বৎসরের বাস্তব অভিজ্ঞতা।
০৩।	মহাব্যবস্থাপক (ওয়ার্কশপ)	০১টি	৪৫	৬৪০০০-৬৬৫৬০- ৬৯২৩০-৭২০০০- ৭৪৮৮০/-	প্রথম শ্রেণীর কম্পিউটার সার্টিফিকেট (মোটর) এবং উক্ত সার্টিফিকেট প্রাপ্তির পর সমুদ্রগামী জাহাজে ০৩ বছরের ও অফিসে ০৩ বছরের অভিজ্ঞতা। অথবা বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী (মেরিন/ নেভাল আর্কিটেকচার/মেকানিক্যাল/ ইলেকট্রিক্যাল) সহ ১২ বছরের অভিজ্ঞতা।
০৪।	মহাব্যবস্থাপক (কার্গো সুপারভিশন এন্ড অপারেশন/ চার্টারিং)	০১টি	৪৫	৬৪০০০-৬৬৫৬০- ৬৯২৩০-৭২০০০- ৭৪৮৮০/-	প্রথম শ্রেণীর কম্পিউটার (ডেক) সার্টিফিকেট এবং উক্ত সার্টিফিকেট প্রাপ্তির পর সমুদ্রগামী জাহাজে ০৫ বছরের অভিজ্ঞতা। অথবা দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী এবং সংশ্লিষ্ট কাজে ১২ বছরের অভিজ্ঞতা।

- ০১। আবেদনকারীকে সরকার কর্তৃক চাকরীর নির্ধারিত আবেদন ফরমপূরণ করে আগামী ১৫-১১-২০২০ তারিখের মধ্যে সচিব, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম-এর বরাবরে হার্ডকপি এবং সফটকপি (সংযুক্তিসহ) secybsc@gmail.com (cc to md@bsc.gov.bd) ই-মেইলে পৌঁছাতে হবে। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র বা নির্ধারিত তারিখে/সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। খামের উপর পদের নাম উল্লেখ করতে হবে। নির্ধারিত আবেদন ফরমটি জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েব সাইটে এবং বিএসসির ওয়েব সাইট www.bsc.gov.bd তে পাওয়া যাবে;

V

- ০২। আবেদনপত্রের সাথে যে সকল কাগজপত্র সংযুক্ত করতে হবে :
- (ক) সকল শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেটের সত্যায়িত কপি; (খ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্রের সত্যায়িত কপি; (গ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি; (ঘ) সদ্য তোলা ০৪(চার) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি; (ঙ) অভিজ্ঞতা সনদপত্রের সত্যায়িত কপি; (চ) বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম এর অনুকূলে ৩৫০০/- (তিন হাজার পাঁচশত) টাকার (অফেরৎযোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট; (ছ) সিডিসি এর সত্যায়িত কপি; (জ) সিওসি ক্লাস-১ এর সত্যায়িত কপি;
- ০৩। মৌখিক পরীক্ষার সময় সব ধরনের সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে;
- ০৪। প্রার্থীদেরকে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। নির্বাচনী পরীক্ষায় (লিখিত ও মৌখিক/সাক্ষাৎকার) অংশগ্রহণের জন্য প্রার্থীদেরকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ০৫। কর্তৃপক্ষ সরকারী বিধি-বিধানের সাথে সাংঘর্ষিক নয় এমনভাবে কোন শর্ত পরিবর্তন বা অতিরিক্ত শর্ত সংযোজন করতে পারবেন। আবেদনপত্র গ্রহণ, বাছাই এবং নিয়োগের ক্ষেত্রে কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাংলাদেশ শিপিং কর্পোরেশন কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক/সম্পূর্ণ পরিবর্তন/ বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে;
- ০৬। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে ;
- ০৭। প্রার্থীর যোগাযোগের ঠিকানা সম্বলিত ২০(বিশ) টাকা মূল্যের ডাক টিকেটসহ ৯"X৪" সাইজের ফেরৎ খাম আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে;
- ০৮। চাকুরীরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে, কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না এবং হাতে হাতে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না;
- ০৯। গত ০১-০৯-২০২০ তারিখের ১৮.১৬.০০০০.৩৫২.১১.০১১.১৮ স্মারকমূলে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী ইতোপূর্বে যে সমস্ত প্রার্থীগণ আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই;
- ১০। একজন প্রার্থী কেবলমাত্র একটি বিভাগে/পদের জন্য আবেদন করতে পারবেন;
- ১১। নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তি/প্রার্থীকে ০২ (দুই) বছরের জন্য শিক্ষানবিস থাকতে হবে;
- ১২। বিজ্ঞপ্তিতে পদের সংখ্যা হ্রাস বৃদ্ধি বা বাতিল/প্রত্যাহারের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন;
- ১৩। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।


(খালেদ মাহমুদ)
সচিব, বিএসসি

ও
সদস্য-সচিব, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি-১।
বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।
ফোন নং- ০৩১-৭২৪৪৭৯/৭২৪৮৩২।

সতর্কীকরণ:

নিয়োগ সংক্রান্ত বিষয়ে কোন পক্ষের সাথে কোন প্রকার যোগাযোগ এবং আর্থিক লেনদেনের আলামত পাওয়া গেলে তা প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য করা হবে এবং তাৎক্ষণিক প্রার্থীর আবেদন পত্রটি বাতিল হিসেবে বিবেচিত হবে।